

নামিবিয়ার সর্বোচ্চ অসামরিক পুরস্কার প্রদান করা হল প্রধানমন্ত্রীকে (09 জুলাই, 2025)

09 জুলাই, 2025

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী বর্তমানে নামিবিয়াতে সরকারি সফরে গিয়েছেন। এই উপলক্ষে নামিবিয়ার প্রেসিডেন্ট, মহামহিম নেতুশ্বো নন্দী-নদৈতওয়াহের তরফে প্রধানমন্ত্রীকে নামিবিয়ার সর্বোচ্চ অসামরিক সম্মান প্রদান করা হয়েছে - অর্ডার অফ মোস্ট এনসিয়েন্ট ওয়েলউইংশিয়া মিরাবিলিস। এই প্রথম কোনও ভারতীয় নেতাকে এই সম্মান প্রদান করা হল।

2. এই সম্মান গ্রহণ করে, প্রধানমন্ত্রী তা ভারতের 1.4 বিলিয়ন মানুষের প্রতি এবং ভারত ও নামিবিয়ার মধ্যে ঐতিহাসিক ও স্থায়ী সম্পর্কের প্রতি উৎসর্গ করেন। এই সম্মান প্রদান করার জন্য রাষ্ট্রপতি নন্দী-নদৈতওয়াহ এবং নামিবিয়ার জনগণের প্রতি প্রধানমন্ত্রী আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন।

3. প্রধানমন্ত্রীকে এই সম্মান প্রদান হল ভারত এবং নামিবিয়ার মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্কের একটি মাইলফলক, যা এই বিশেষ দ্বিপাক্ষিক অংশীদারিত্বকে আরও এগিয়ে নিয়ে যাওয়ার জন্য উভয় দেশের তরুণ প্রজন্মের সামনে অনুপ্রেরণা হিসেবে কাজ করবে।

ওয়েন্ডুক

09 জুলাই, 2025